গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৫৭/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ১১ ফেব্রুয়ারি ২০১৯, ২৯ মাঘ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। এলজিআরডি মন্ত্রণালয় পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী :
তৃণমূল পর্যায় থেকে মহাপরিকল্পনার তাগিদ
২। জনগণের ভাগ্য উন্নয়নে সরকার নিরলসভাবে কাজ করছে :
বিশ্বব্যাংক পরিচালকের বিদায়ি সাক্ষাতে প্রধানমন্ত্রী
৩। রোহিঙ্গাদের সাময়িক আশ্রয়ের জন্য একটি দ্বীপ প্রস্তুত করেছি : প্রধানমন্ত্রী
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মালয়েশিয়া ও আর্মেনিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন
৫। উদ্ভাবিত প্রযুক্তি মাঠ ও চাষী পর্যায়ে পৌঁছাতে হবে : কৃষিমন্ত্রী
৬। বাংলাদেশের মানুষ অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। বর্তমান সরকার একটি সৃষ্টিশীল জাতি গঠনে কাজ করে যাচ্ছে : তথ্যমন্ত্রী
৮। মাদক মামলা ছয় মাসে নিষ্পত্তি চলতি অধিবেশনেই আইনের সংশোধনী : সংসদে আইনমন্ত্রী
৯। পণ্য চালানের শতভাগ পরীক্ষা হবে : অর্থমন্ত্রী
১০। মানবাধিকার রক্ষায় বাংলাদেশ রোল মডেল : পররাষ্ট্রমন্ত্রী
১১। গ্রামকে শহর করার কাজ শুরু করেছে সরকার : শিল্পমন্ত্রী
১২। ২০৩০ সালের মধ্যেই এসডিজি অর্জন হবে : বাণিজ্যমন্ত্রী
১৩। বর্তমান সরকার প্রতিবন্ধীদের ভাতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে : সমাজকল্যাণমন্ত্রী
১৪। নদীতীর দখলমুক্ত করতে অভিযান আরও গতিশীল করার নির্দেশ নৌ প্রতিমন্ত্রীর
১৫। সরকারি ৩ লাখ ৩৬ হাজার পদ শূন্য : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৬। অচিরেই নীতির ভিত্তিতে তিস্তার পানি বণ্টন চুক্তি হবে : সংসদে পানি সম্পদ প্রতিমন্ত্রী
১৭। কিশোরগঞ্জ-১ আসনের পুনর্নির্বাচনে ডা. সৈয়দা জাকিয়া নূর লিপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় এমপি নির্বাচিত

চলমান পাতা-২

**১। এলজিআরডি মন্ত্রণালয় পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী :**
**তৃণমূল পর্যায় থেকে মহাপরিকল্পনার তাগিদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যত্রতত্র ভবন, রাস্তা ও অন্যান্য অবকাঠামো নির্মাণ রোধ এবং কৃষিজমি রক্ষার লক্ষ্যে সকল উপজেলাকে সুনির্দিষ্ট উন্নয়ন পরিকল্পনার আওতায় নিয়ে আসার জন্য একটি মাস্টারপ্ল্যান প্রণয়নে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রণালয়কে নির্দেশ দিয়ে বলেছেন, তৃণমূল পর্যায় থেকে মহাপরিকল্পনা করে কাজ করলে মানুষের কাছে সেবা দ্রুত পৌঁছে দেওয়া সম্ভব। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে এলজিআরডি মন্ত্রণালয় পরিদর্শন এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী আরো বলেন, মাস্টারপ্ল্যানের লে-আউটে আবাসন, হাসপাতাল, মার্কেট, স্কুল, কলেজ, খেলার মাঠ, কৃষিখামার, শিল্পকারখানা এবং অন্যান্য সুযোগ-সুবিধা থাকতে হবে। আমরা যদি যথাযথভাবে এটি করতে পারি, তাহলে জনগণ এটি গ্রহণ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**২। জনগণের ভাগ্য উন্নয়নে সরকার নিরলসভাবে কাজ করছে :**
**বিশ্বব্যাংক পরিচালকের বিদায়ি সাক্ষাতে প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমাদের সরকার তাঁর স্বপ্ন বাস্তবায়ন এবং মৌলিক চাহিদা পূরণের মাধ্যমে জনগণের ভাগ্য উন্নয়নে নিরলসভাবে কাজ করছে। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদভবন কার্যালয়ে বিশ্বব্যাংকের বিদায়ি আবাসিক পরিচালক কিমিয়াও ফ্যান এর সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। কিমিয়াও ফ্যান এ সময় বলেন, বিশ্বব্যাংক বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতা অব্যাহত রাখবে। তিনি গত এক দশকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অসাধারণ আর্থসামাজিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** ( **শেষ** পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৩। রোহিঙ্গাদের সাময়িক আশ্রয়ের জন্য একটি দ্বীপ প্রস্তুত করেছি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সাময়িক আশ্রয়ের জন্য একটি দ্বীপ প্রস্তুত করেছি। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদভবন কার্যালয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) কুষ্ঠ নির্মূলবিষয়ক শুভেচ্ছাদূত ও মিয়ানমারে জাতীয় মীমাংসা বিষয়ক জাপান সরকারের বিশেষ দূত ইত্তহেই সাসাকাওয়া'র সাথে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ মন্তব্য করেন। মিয়ানমার থেকে পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়া বেগবান করার ওপর গুরুত্বারোপ করে ইত্তহেই সাসাকওয়া বলেন, রোহিঙ্গা ইস্যু একটি জটিল পরিস্থিতিতে রূপ নিয়েছে। এ প্রক্রিয়া বিলম্বিত করা যায় না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

**৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মালয়েশিয়া ও আর্মেনিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**

চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মালয়েশিয়া ও আর্মেনিয়ার প্রধানমন্ত্রীসহ আরও বিশ্ব নেতৃবৃন্দ তাদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাঠানো তাঁর বার্তায় বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নিযুক্ত হওয়ায় আমি আপনাকে আমার উষ্ণ ও আন্তরিক অভিনন্দন জানাই। আমাদের জনগণ ও দেশের পারস্পরিক কল্যাণকর বিষয়গুলো আরও এগিয়ে নিতে আমি আপনার সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় রয়েছি। আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিনিয়ান তাঁর বার্তায় বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদে পুনরায় আসীন হওয়া উপলক্ষে আমি আপনাকে আমার আন্তরিক অভিনন্দন জানাই। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৫। উদ্ভাবিত প্রযুক্তি মাঠ ও চাষী পর্যায়ে পৌঁছাতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক বলেন, দেশে নতুন নতুন কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা হচ্ছে। কিন্তু প্রযুক্তি আবিষ্কারের পর তা যদি মাঠ ও চাষী পর্যায়ে না পৌঁছে তাহলে উদ্ভাবনে কোনো লাভ নেই। উদ্ভাবিত প্রযুক্তির কতখানি

চাষী পর্যায়ে গিয়েছে, তারা সেগুলো গ্রহণ করছে কি-না, গবেষণাগারের ফলাফলের সঙ্গে মাঠ পর্যায়ের ফলাফলের সঙ্গে মিল রয়েছে কি-না তা দেখা উচিত। এ দায়িত্বটি কৃষি বিজ্ঞানীদেরই নিতে হবে। মন্ত্রী গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কাজী বদরুদ্দোজা মিলনায়তনে দুই দিনব্যাপী 'বারি প্রযুক্তি প্রদর্শনী ২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১৩,ক.৬)।



**৬। বাংলাদেশের মানুষ অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, অসাম্প্রদায়িক চেতনায় উজ্জীবিত হয়ে এ দেশের মানুষ সব ধর্মের উৎসবে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। সরস্বতী পূজায় বিপুল জনসমাগম প্রমাণ করে বাংলাদেশের মানুষ অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) রাজধানী উচ্চ বিদ্যালয় ও খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউটে সরস্বতী পূজামণ্ডপ পরিদর্শন করে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

**৭। বর্তমান সরকার একটি সৃষ্টিশীল জাতি গঠনে কাজ করে যাচ্ছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, বাঙালি জন্মগতভাবে মেধাবী। দেশে ও দেশের বাইরে আমরা মেধার স্বাক্ষর রেখে চলেছি। মেধা বিকাশের অন্যতম উৎস বই। একসময় আমাদের প্রজন্ম বই নিয়ে ব্যস্ত থাকত। এখন বই পড়ার নেশা সামাজিক যোগাযোগ মাধ্যমে চলে গেছে। এটি সমাজের জন্য একটি বিরূপ প্রভাব ফেলেছে। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রাম সিটি করপোরেশনের আয়োজনে অমর একুশে বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বর্তমান সরকারের অবদান তুলে ধরে তথ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার একটি সৃষ্টিশীল জাতি গঠনে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানী থেকে শুরু করে গ্রাম পর্যন্ত শিশু-কিশোরদের বই পড়ায় উদ্বুদ্ধ করতে বিভিন্ন পরিকল্পনা হাতে নিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮) , **যুগান্তর** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৮। মাদক মামলা ছয় মাসে নিষ্পত্তি , চলতি অধিবেশনেই আইনের সংশোধনী : সংসদে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, মাদকের মামলা ৬ মাসের মধ্যে নিষ্পত্তি করতে সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের দেওয়া নির্দেশনা বাস্তবায়নে উদ্যোগ নেওয়া হয়েছে। এটা করতে হলে আইনে কিছু সংশোধনী আনতে হবে। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে আইনমন্ত্রী এসব কথা বলেন। পৃথক দু'টি সম্পূরক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী জানান, পুরনো মামলাগুলো বিশেষ করে যেগুলো ৩০ বছর জমে ছিল সেগুলো আগে যেন শেষ করা হয় সে উদ্যোগ নেওয়া হয়েছে। আইনমন্ত্রী আরো জানান, মামলা দ্রুত বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে অন্যতম একটি প্রতিবন্ধকতা হলো এজলাস সংকট। এজলাস স্বল্পতা দূর করে সর্বোচ্চ কর্মঘন্টা ব্যবহার করে বিচারকাজে গতিশীলতা আনয়নে সরকার কাজ করে যাচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৯। পণ্য চালানের শতভাগ পরীক্ষা হবে : অর্থমন্ত্রী**

নতুন মূল্য সংযোজন কর (ভ্যাট) আইনে একটির পরিবর্তে একাধিক হার বা রেট হবে। এমন বার্তা দিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী, ব্যবসায়ীসহ সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করেই এটি চূড়ান্ত করা হবে বলে জানান মন্ত্রী। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে এনবিআরের অধীন ভ্যাট ও কাস্টমস বিভাগের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে এ কথা বলেন অর্থমন্ত্রী। কাস্টমস কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, কোনো অনিয়ম ও অব্যবস্থাপনা বরদাশত করা হবে না। যেভাবেই হোক, পণ্য আমদানিতে মিথ্যা ঘোষণা বন্ধ করতে হবে। এ জন্য আমদানি-রফতানি বাণিজ্যে শতভাগ পণ্য চালানের পরীক্ষার নির্দেশ দিয়ে তিনি বলেন, সবার মধ্যে এ বার্তা পৌঁছে দিন। এ ব্যবস্থা নিশ্চিত করা গেলে মিথ্যা ঘোষণার প্রবণতা অনেক কমবে এবং শুল্ক ফাঁকি নিয়ন্ত্রণ করা যাবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৬) **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১০। মানবাধিকার রক্ষায় বাংলাদেশ রোল মডেল : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, মানবাধিকার রক্ষায় বিশ্বের বুকে বাংলাদেশ এখন উত্তম রোল মডেল। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবাধিকার সুরক্ষার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে বাংলাদেশ। তবে দ্রুত প্রত্যাবাসন শুরু না হলে রোহিঙ্গারা জঙ্গিবাদসহ নানা অপতৎপরতায় সম্পৃক্ত হতে পারে। তিনি বলেন, রোহিঙ্গাদের জন্য রাখাইনে সেফজোন তৈরি করতে হবে। আমরা এ বিষয়ে নতুন করে কাজ শুরু করছি। সেফজোনে ভারত, চীনসহ আসিয়ান দেশের সদস্যরা সহযোগিতা দিতে পারে। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর এক হোটেলে 'বাংলাদেশ এবং মানবাধিকার' শীর্ষক এক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।



**১১। গ্রামকে শহর করার কাজ শুরু করেছে সরকার : শিল্পমন্ত্রী**

নংসিংদীর পলাশ উপজেলায় ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প পরিদর্শন করেছেন শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন ও প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) তাঁরা প্রকল্পটি পরিদর্শনশেষে আলোচনাসভায় অংশ নেন। আলোচনাসভায় শিল্পমন্ত্রী বলেন, বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার অনুয়ায়ী মেগা উদ্যোগে গ্রামকে শহর করার কাজ বাস্তবায়ন শুরু হয়েছে। এর অংশ হিসেবে দেশের বিভিন্ন অঞ্চলে বড়, মাঝারি ও ক্ষুদ্র শিল্পকারখানা গড়ে তোলা হবে। আর দক্ষ জনশক্তি তৈরি করতে একটি শিল্প বিশ্ববিদ্যালয় করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৬)।

**১২। ২০৩০ সালের মধ্যেই এসডিজি অর্জন হবে : বাণিজ্যমন্ত্রী**

২০৩০ সালের মধ্যেই বাংলাদেশ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে সফল হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) রংপুরের আরডিআরএস মিলনায়তনে স্থানীয় পর্যায়ে 'টেকসই উন্নয়ন বিষয়ক' কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের উন্নয়ন জংশন কেমন হবে, সে লক্ষ্য অর্জনে এ কর্মশালা। বিশ্বের ১৬৯টি দেশের সঙ্গে তাল মিলিয়ে বাংলাদেশকে সামনে এগিয়ে নিতে হবে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে সরকার বদ্ধপরিকর। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**১৩। বর্তমান সরকার প্রতিবন্ধীদের ভাতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে : সমাজকল্যাণমন্ত্রী**

সরকারি চাকরিতে প্রতিবন্ধী কোটা বহাল রয়েছে। বর্তমান সরকার প্রতিবন্ধীদের ভাতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। তিনি গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) গাজীপুরের টঙ্গীতে প্রতিবন্ধীদের দ্বারা পরিচালিত মৈত্রী শিল্পের উৎপাদন কার্যক্রম পরিদর্শন ও মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান শেষে সাংবাদিকদের উদ্দেশে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **সমকাল** (পৃ.৭,ক.১)।

**১৪। নদীতীর দখলমুক্ত করতে অভিযান আরও গতিশীল করার নির্দেশ নৌ প্রতিমন্ত্রীর**

ঢাকার চারপাশের বুড়িগঙ্গা, তুরাগ, বালু ও শীতলক্ষ্যা নদী দূষণ এবং দখল প্রতিরোধে বিআইডব্লিউটিএ, সিটি করপোরেশন, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ওয়াসা, পরিবেশ অধিদফতর, নৌপরিবহণ অধিদফতর ও সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন নৌ-প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এ জন্য চলমান উচ্ছেদ অভিযান কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে নৌ মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয় সভায় তিনি এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৬)।

**১৫। সরকারি ৩ লাখ ৩৬ হাজার পদ শূন্য : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, সরকারি অফিসগুলোতে বর্তমানে ৩ লাখ ৩৬ হাজার ৭৪৬টি পদ শূন্য রয়েছে। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২) **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**১৬। অচিরেই নীতির ভিত্তিতে তিস্তার পানি বণ্টন চুক্তি হবে : সংসদে পানি সম্পদ প্রতিমন্ত্রী**

অচিরেই সমতা, ন্যায়ানুগতা এবং পারস্পরিক ক্ষতি না করার নীতির ভিত্তিতে তিস্তা নদীর পানি বণ্টন চুক্তি সম্পাদন করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। তিনি বলেন, ভারতের সঙ্গে আলোচনাপূর্বক চুক্তি স্বাক্ষরের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বাংলাদেশ ও ভারতের প্রধানমন্ত্রীদ্বয়ের দিক-নির্দেশনার প্রেক্ষিতে ২০১১ সালে তিস্তার অন্তর্বর্তীকালীন পানি বণ্টন চুক্তির ফ্রেমওয়ার্ক চূড়ান্ত করা হয়েছে। গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান, ২০০৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর তিস্তার পানি বণ্টন চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে বিভিন্ন পর্যায়ে ভারতের সঙ্গে আলোচনা শুরু করে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

**১৭। কিশোরগঞ্জ-১ আসনের পুনর্নির্বাচনে ডা. সৈয়দা জাকিয়া নূর লিপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় এমপি নির্বাচিত**

কিশোরগঞ্জ-১ (সদর-হোসেনপুর) আসনের পুনর্নির্বাচনে শহিদ সৈয়দ নজরুল ইসলামের মেয়ে ও সাবেক মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের ছোট বোন আওয়ামী লীগ প্রার্থী ডা. সৈয়দা জাকিয়া নূর লিপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। তিন প্রার্থীর মধ্যে দুই প্রার্থী গতকাল (১০ ফেব্রুয়ারি রোববার) মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নেওয়ায় একক প্রার্থী হিসেবে ডা. সৈয়দা জাকিয়া নূর



লিপিকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় এ আসনের সংসদ সদস্য ঘোষণা করেন রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক। উল্লেখ্য, উক্ত আসনে গত ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্য সৈয়দ আশরাফুল ইসলাম মৃত্যুবরণ করায় আসনটি শূন্য ঘোষিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **সমকাল, সংবাদ :** গাজীপুরের টঙ্গী ছিনতাইকারীদের অভয়ারণ্যে পরিণত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **বণিক বার্তা :** অভ্যন্তরীণ চাহিদার ৯৭ শতাংশ মিটিয়ে বিশ্বের উল্লেখযোগ্য সংখ্যক দেশে রফতানি হচ্ছে বাংলাদেশের ওষুধ উল্লেখ করে উদ্যোক্তাদের কর্মনিষ্ঠা ও সরকারি যথাযথ নীতি সহায়তায় আলোচ্য শিল্পের টেকসই অগ্রগতি নিশ্চিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **যায়যায়দিন :** বাংলাভাষার মর্যাদা রক্ষা করতে সর্বস্তরে বাংলাভাষা প্রতিষ্ঠা করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** দেশজুড়ে উপজেলা নির্বাচনের প্রস্তুতি চলছে উল্লেখ করে নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **জনকণ্ঠ :** গ্রামপুলিশ সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন করে তুলতে প্রশিক্ষণ কর্মশালার প্রয়োজন বলে মতপ্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর ৯০ শতাংশ মানুষ মারাত্মক বায়ুদূষণের শিকার উল্লেখ করে বায়ুদূষণ বন্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** শিশু নির্যাতন, অপহরণ, খুন বেড়ে চলায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিশুদের স্বাভাবিক বিকাশের স্বার্থে শব্দদূষণ নিয়ন্ত্রণ

করা জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘আলোকিত জীবনের উপকরণ বই’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, একজন সুশিক্ষিত ও স্বশিক্ষিত মানুষের সামগ্রিক বিকাশের জন্য বইয়ের বিকল্প নেই।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা